

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ জুন'২০২৪খ্রি.

### ঈদগাহ ও জানাজার স্থান উদ্বোধন করলেন চসিক মেয়র রেজাউল

নগরীর মুরাদপুরের মোহাম্মদপুর এলাকায় চসিক কর্তৃক নির্মিত ঈদগাহ ও জানাজার নামাজের স্থান উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার বিকেলে উদ্বোধন হওয়া ৩০০ ফুট দৈর্ঘ্য এবং ৫২ ফুট প্রস্থের এই ঈদগাহে একত্রে নামাজ আদায় করতে পারবেন প্রায় দুই হাজার মুসল্লি।

উদ্বোধন অনুষ্ঠানে মেয়র বলেন, এলাকাবাসী দাবি জানিয়েছিল এলাকায় ঈদগাহ ও নামাজে জানাজার জন্য কোন স্থান না থাকায় অনেক সময় সড়কে নামাজ আদায় করতে হতো। এর ফলে একদিকে যেমন যানবাহন চলাচলে বিঘ্ন ঘটতো, অন্যদিকে মানুষের ভোগান্তি বাড়তো। “মুরাদপুর ও মোহাম্মদপুর এলাকার বাসিন্দাদের ঈদগাহ ও নামাজে জানাজার স্থান নিয়ে দীর্ঘদিনের সংকট নিরসন করতেই ২ কোটি ৩০ লক্ষ টাকা বরাদ্দ দিয়ে এ প্রকল্প হাতে নিয়েছি। ঈদগাহ ও নামাজে জানাজার স্থানের চারপাশে ওয়াকওয়ে, বসার স্থান, ওজু ও টয়লেটের এবং লাশ ধোয়ার ব্যবস্থাও করেছি।” সংসদ সদস্য আবদুচ ছালাম বলেন, মেয়র মহোদয়কে ধন্যবাদ জানাই এলাকাবাসীর দাবির প্রেক্ষিতে অব্যবহৃত এই জায়গাকে ঈদগাহ ও জানাজার স্থানে পরিণত করায়। আমরা সবাই মিলে মেয়র মহোদয়ের নেতৃত্বে চট্টগ্রামে চলমান উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে নগরবাসীকে উন্নত চট্টগ্রাম উপহার দিব।

সংসদ সদস্য মহিউদ্দিন বাচ্চু বলেন, জনগণের কল্যাণে এ উদ্যোগ নেয়ায় এলাকাবাসী খুশি। জনকল্যাণমুখী উন্নয়নের এ ধারা অব্যাহত রাখতে আমরা সবাই একসাথে কাজ করব। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ও উপস্থিত ছিলেন প্যানেল মেয়র গিয়াস উদ্দিন, কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসানি, হাজী নূরুল হক, গোলাম মো. জোবায়ের, সলিমুল্লাহ বাচ্চু, আবদুস সালাম মাসুম, আবুল হাসনাত মো. বেলাল, জাফরুল হায়দার সবুজা কাউন্সিলর মোবারক আলীর সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন মেয়রের একান্ত সচিব আবুল হাশেম, প্রধান প্রকৌশলী শাহীন-উল-ইসলাম। অনুষ্ঠানে গাউসিয়া কমিটির পক্ষে বক্তব্য রাখেন নূরুল আজিম রনি এবং সঞ্চালনা করেন সহকারী প্রকৌশলী মাহমুদ শাফকাত আমিন। চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগ, স্বেচ্ছাসেবকলীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতৃবৃন্দসহ এলাকাবাসী উদ্বোধন অনুষ্ঠানে অংশ নেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮